

স্মারক নং-১৩.০১.৭০০০.০০২.৩২.০০৪.২৬

তারিখ: ২৮/০৮/২০২৬খ্রি.

“নিলাম বিজ্ঞপ্তি নং ০১/২০২৬-২৭”

চাঁপাইনবাবগঞ্জ জেলাধীন শিবগঞ্জ উপজেলার চামারপাড়া, কোর্ট বাজার, সেলিনাবাদ, শিবগঞ্জ আবাসিক এলাকার ক্যাম্পাসে শিবগঞ্জ এলএসডি প্রস্তাবিত স্থানে একটি নতুন খাদ্যগুদাম নির্মানের জন্য বিভিন্ন প্রজাতির ছোট, বড় ৫২ টি গাছ (কাঠ ও জ্বালানী হিসেবে ব্যবহারযোগ্য) প্রকাশ্যে নিলাম ডাকের মাধ্যমে বিক্রয়ের জন্য প্রাক্কলিত দর বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, সামাজিক বন বিভাগ, রাজশাহী এর ০৭/০৬/২০২৬ তারিখের ১৬২১ নং স্মারকে নিয়ন্ত্রককারীর কার্যালয়ে প্রেরণ করেছেন। পরবর্তীতে নেজারত শাখা, খাদ্য অধিদপ্তর ঢাকা'র ০৫/০৭/২০২৬খ্রি. তারিখে ২৮৪ নং স্মারকে গাছ কর্তন ও নিলামে নিষ্পত্তি/বিক্রয়ের প্রশাসনিক অনুমোদন প্রদান করেছেন। একেজে গাছ নিষ্পত্তির জন্য প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা কর্তৃক গঠিত কমিটির রূপরেখা অনুযায়ী অত্র কার্যালয়ের ১৮/০৮/২০২৬ তারিখের ৪৮৪ নং স্মারকে একটি নিলাম কমিটি গঠন করা হয়েছে। নিলাম কমিটির সদস্যগণের উপস্থিতিতে আগামী ২৭/০৮/২০২৬ তারিখ সকাল ১১:০০ টার সময় ভারপ্রাপ্ত কর্মকর্তা, শিবগঞ্জ এলএসডি, চাঁপাইনবাবগঞ্জ চত্বরে নিলাম ডাক অনুষ্ঠিত হবে এবং ২৭/০৮/২০২৬ তারিখ দুপুর ০১:০০ টা পর্যন্ত ডাক চলবে।

শর্তাবলী:

- ১। নিলাম ডাককারীকে আগামী ২৭/০৮/২০২৬ তারিখ সকাল ১১:০০ ঘটিকার পূর্বে ভারপ্রাপ্ত কর্মকর্তা, শিবগঞ্জ এলএসডি, চাঁপাইনবাবগঞ্জ এ উপস্থিত হয়ে নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে।
- ২। নিলাম ডাক আরম্ভ হওয়ার সময় অর্থাৎ ১১:০০ ঘটিকার পূর্বে নিলাম ডাককারীগণকে ২,০০০/- (দুই হাজার) টাকা (ফেরতযোগ্য) নিলাম ডাক কমিটির নিকট সিকিউরিটি হিসেবে জমা প্রদান পূর্বক নিলাম কমিটির নিকট নিজ নাম ও ঠিকানা লিপিবদ্ধ করতে হবে।
- ৩। সর্বোচ্চ দরদাতাকে ১০% টাকা জমা প্রদানপূর্বক জামানত হিসেবে জমা রাখতে হবে।
- ৪। নির্ধারিত সময়ের পর কোন ডাককারীর জামানত গ্রহণ করা হবে না এবং জামানত ব্যতিরেকে কেউ নিলাম ডাকে অংশগ্রহণ করতে পারবে না।
- ৫। নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ উল্লিখিত গাছগুলি ভারপ্রাপ্ত কর্মকর্তা, শিবগঞ্জ এলএসডি, চাঁপাইনবাবগঞ্জ এর সাথে অফিস চলাকালীন সময় যোগাযোগ করে দেখতে পারবেন।
- ৬। গৃহীত সর্বোচ্চ নিলাম ডাককারীকে সরকারী বিধি মোতাবেক নিলাম ডাকের মোট অর্থের ১৫% ভ্যাট, ১০% AIT সহ নিলাম (সরকারি বিধি মোতাবেক) ডাকের সমুদয় অর্থ ০৩ (তিন) দিনের মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ হতে নির্ধারিত কোডের বিপরীতে চালান পাশ পূর্বক সোনালী ব্যাংকের যেকোন শাখায় জমা দিতে হবে।
- ৭। কার্যাদেশ প্রদানের ০৭ (সাত) দিনের মধ্যে গাছগুলি চামারপাড়া, কোর্ট বাজার, সেলিনাবাদ, শিবগঞ্জ আবাসিক এলাকার ক্যাম্পাসে হতে অপসারণ করতে হবে।
- ৮। গাছগুলি অপসারণের সময় সরকারী/বেসরকারী কোন সম্পদ বা ভবনাদির ক্ষয়ক্ষতি হলে তার দায়-দায়িত্ব গৃহীত সর্বোচ্চ নিলাম ডাককারীকে বহন করতে হবে।
- ৯। গাছগুলি অপসারণের ফলে সৃষ্ট গর্ত গৃহীত নিলাম ডাককারীকে নিজ খরচে মাটি দ্বারা ভরাট করতে হবে।
- ১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিলাম কমিটি যেকোন নিলাম ডাক গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১১। অনিবার্য কারণবশত: নিলাম ডাকের তারিখ ও সময় পরিবর্তন হতে পারে।

১৮৮
মোহন আহমেদ
জেলা খাদ্য নিয়ন্ত্রক(ভারপ্রাপ্ত)
চাঁপাইনবাবগঞ্জ